Metabolism (বিপাক)

Samrat Banerjee

Metabolism brings together soil, food, architecture, and decomposition to trace histories of nourishment and famine.

At the centre of a vitrine stands an edible architectural form modelled on the headquarters of Volkart Brothers in Winterthur, Switzerland. The building is recreated as a cake made from millet, sourced from the historical Berar region. Surrounding the millet house is a three-dimensional intestine made from Berar's black cotton soil. The soil microbiome and the human gut microbiome are distinct yet interconnected microbial worlds, with certain microbial lineages occurring in both. Both participate in the transformation and circulation of nutrients.

The work emerges from a historical contradiction. During the nineteenth century, Berar became increasingly integrated into the colonial cotton economy, as British colonial administrative policies and structures of control compelled cultivators to shift from food crops towards commercial cotton production for international markets. The tension between food and commodity became particularly stark during the famine of 1899–1900. While 236,022 deaths were registered in Berar in 1900, Volkart Brothers recorded profits of more than 500,000 rupees in India.

The material reversal lies at the heart of *Metabolism*. The headquarters of Volkart Brothers in Winterthur, once an architectural embodiment of wealth accumulated through colonial commerce, is reconstructed from jowar and bajra—the food grains cultivated in the very region from which cotton was extracted. What was historically transformed from Indian agricultural labour and land into Swiss commercial wealth is now symbolically transformed back into food. The building, once a structure of economic power and permanence, becomes a fragile, edible body, surrounded by intestines and exposed to the processes of microbial decomposition. Through this reversal, the work symbolically interrupts the historical movement of value from colony to metropole, confronting the apparent permanence of colonial wealth with the material realities of hunger, digestion, decay, and mortality. What once represented the accumulation of capital becomes subject to the same metabolic processes from which nothing can escape.

Production collaboration: The architectural cake is produced in collaboration with Ridden's Cake, a local bakery in Kolkata, while the intestine is created in collaboration with local artisan Tapan Bhattacharya, Kolkata.

Food Grains, Black Cotton Soil

বিপাক (Metabolism)

সম্রাট ব্যানাজর্ী

নিমর্াণ সহযোগিতায়: স্থাপত্যের আদলে তৈরি কেকটি নিমির্ত হয়েছে কলকাতার স্থানীয় বেকারি রিডেন’স কেক (Ridden's Cake)-এর সহযোগিতায় এবং অন্ত্রের ভাস্কযর্টি তৈরি হয়েছে কলকাতার স্থানীয় কারুশিল্পী তপন ভট্টাচাযের্র সহযোগিতায়।

ŒSQ/= *(Metabolism)* শিল্পকমর্টি মাটি, খাদ্য, স্থাপত্য ও পচনপ্রক্রিয়াকে একত্রিত করে খাদ্য, পুষ্টি ও দুভির্ক্ষের ইতিহাস অনুসন্ধান করে।

একটি কাচের প্রদশর্নী বাক্সের কেন্দ্র রয়েছে সুইজারল্যান্ডের উইন্টারথুর শহরে অবস্থিত ভলকাটর্ ব্রাদাসের্র সদর দপ্তরের আদলে তৈরি একটি ভোজ্য স্থাপত্যরূপ। ঐতিহাসিক বেরার অঞ্চল থেকে সংগৃহীত মিলেট বা ক্ষুদ্র দানাশস্য দিয়ে কেকের আকারে ভবনটি পুনর্নির্মাণ করা হয়েছে। এই শস্যনির্মিত ভবনটিকে ঘিরে রয়েছে বেরারের কালো-তুলো চাষের মাটি দিয়ে তৈরি একটি ত্রিমাত্রিক অন্ত্রের ভাস্কযর্। মাটির অণুজীবজগj এবং মানুষের অন্ত্রের অণুজীবজগj দুটি স্বতন্ত্র অথচ পরস্পর সংযুক্ত জৈবিক ব্যবস্থা, যাদের মধ্যে কিছু অণুজীবীয় বংশধারার মিল রয়েছে। উভয় ব্যবস্থাই পুষ্টি উপাদানের রূপান্তর ও পুনঃসঞ্চালন প্রক্রিয়ায় গুরুত্বপূণর্ ভূমিকা পালন করে।

এই শিল্পকমের্র Uj স নিহিত রয়েছে ইতিহাসের এক গভীর বৈপরীত্যের মধ্যে। ঊনবিংশ শতাব্দীতে বেরার অঞ্চল ক্রমশ ঔপনিবেশিক তুলো অথর্নীতির সঙ্গে যুক্ত হয়ে পড়ে। ব্রিটিশ ঔপনিবেশিক প্রশাসনের নীতি ও নিয়ন্ত্রণব্যবস্থার চাপে কৃষকেরা খাদ্যশস্যের চাষ থেকে সরে এসে আন্তজর্াতিক বাজারের জন্য বাণিজ্যিক তুলো Uj পাদনের দিকে যেতে বাধ্য হন। খাদ্য ও বাণিজ্যিক পণ্যের মধ্যকার এই দ্বন্দ্ব ১৮৯৯–১৯০০ সালের দুভির্ক্ষের সময় বিশেষভাবে প্রকট হয়ে ওঠে। ১৯০০ সালে বেরার অঞ্চলে ২,৩৬,০২২ জনের মৃত্যু নথিভুক্ত হয়েছিল, অথচ একই সময়ে ভলকাটর্ ব্রাদাসর্ ভারতে পাঁচ লক্ষ টাকারও বেশি মুনাফা অজর্ন করেছিল।

ŒSQ/= শিল্পকমর্টির কেন্দ্র রয়েছে এক বস্তুগত রূপান্তরের ধারণা, যা ইতিহাসের প্রচলিত ক্ষমতা ও সম্পদের সম্পকর্কে উল্টে দেয়। উইন্টারথুর শহরে অবস্থিত ভলকাটর্ ব্রাদাসের্র সদর দপ্তর, যা একসময় ঔপনিবেশিক বাণিজ্যের মাধ্যমে সঞ্চিত বিপুল সম্পদের স্থাপত্যিক প্রতীক ছিল, এখানে পুনর্নির্মিত হয়েছে জোয়ার ও বাজরা দিয়ে—সেই খাদ্যশস্য, যা Uj পন্ন হতো ঠিক সেই অঞ্চলে, যেখান থেকে তুলো সংগ্রহ করে রপ্তানি করা হতো। ভারতের কৃষিজমি ও কৃষিশ্রম থেকে যে সম্পদ ঐতিহাসিকভাবে সুইজারল্যান্ডের বাণিজ্যিক পুঁজিতে পরিণত হয়েছিল, এই শিল্পকমের্ সেই সম্পদকেই প্রতীকীভাবে আবার খাদ্যে ফিরিয়ে আনা হয়েছে।

যে ভবন একসময় অথর্নৈতিক ক্ষমতা ও স্থায়িত্বের প্রতীক ছিল, তা এখানে পরিণত হয়েছে এক ভঙ্গুর, ভোজ্য শরীরে। অন্ত্রের বেষ্টনীতে থাকা এই স্থাপত্যিক অবয়ব এখন অণুজীবের ক্রিয়ায় ধীরে ধীরে পচন ও বিয়োজনের প্রক্রিয়ার অধীন। ঔপনিবেশিক সম্পদের আপাত স্থায়িত্বকে মুখোমুখি দাঁড় করায় ক্ষুধা, পরিপাক, ক্ষয় ও মৃত্যুর অনিবাযর্ বস্তুগত বাস্তবতার সামনে। যা একসময় পুঁজি সঞ্চয়ের প্রতীক ছিল, তা শেষ পযর্ন্ত এমন এক বিপাকীয় প্রক্রিয়ার অধীন হয়ে পড়ে, যে প্রক্রিয়া থেকে কোনো কিছুই নিস্তার পায় না।

খাদ্যশস্য, কালো তুলা চাষের মাটি।



photo credit: Winterthur Libraries (Reference: 031435_O)